লক্ষ্যং সিদ্ধমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2024-25

DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY

## BNGADSE01T-BENGALI (DSE1/2)

## মধ্যযুগের সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

### একক -১

(ক) 'রামায়ণ' কাব্যের লঙ্কাকাণ্ডে বীররস ও ভক্তিরসের যে মিশ্রণ কৃত্তিবাস দেখিয়েছেন, তা আলোচনা করো। ১০

অথবা

(খ) কৃত্তিবাস ওঝার 'শ্রীরাম পাঁচালী'র লঙ্কাকাণ্ড অবলম্বনে 'সীতার অগ্নি-পরীক্ষা' বৃত্তান্ত আলোচনা করে এই অংশ রচনায় কবির দক্ষতা বিচার করো। ১০

### একক - ২

(গ) বিপ্রদাস পিপলাই-এর 'মনসামঙ্গল' কাব্য অবলম্বনে উক্ত সময়ের সমাজভাবনা বা সামাজিক অনুষঙ্গ কীভাবে তাঁর কাব্যের বিষয় হয়ে উঠেছে, তোমাদের পাঠ্য অবলম্বনে তা আলোচনা করো। ১০

অথবা

(ঘ) বিপ্রদাস পিপলাই-এর 'মনসামঙ্গল' কাব্যে তোমার পাঠ্য অংশ অবলম্বনে মনসার চরিত্র নির্মাণে কবির দক্ষতা ও দূরদর্শিতার পরিচয় দাও। ১০

### একক -৩

(ঙ) দ্বিজমাধব রচিত 'মঙ্গলচণ্ডীর গীত' গ্রন্থের চতুর্থ পালায় বর্ণিত 'কালকেতু ও ফুল্লরার জন্ম' এবং কালকেতুর বিক্রম অংশ দুটির বর্ণনায় কবির বাস্তব জ্ঞানের পরিচয় দাও। ১০

অথবা

(চ) দ্বিজমাধব রচিত 'মঙ্গলচণ্ডীর গীত' গ্রন্থে তোমার পাঠ্য অংশ অবলম্বনে ভাঁড়ু দত্ত চরিত্র পরিকল্পনায় কবির দূরদর্শিতার পরিচয় দাও। ১০

### একক - ৪

(ছ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যকে 'নূতনমঙ্গল' বলা হয় কেন তা যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

(জ) রায়গুণাকর ভারতচন্দ্র রচিত 'অন্নদামঙ্গল' কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে শিব চরিত্রের পরিচয় দাও ও চরিত্রটির মানবায়ন কীভাবে ঘটেছে তা দেখাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২=১০

(ক) তুমি ত ভাঙ্গড় সদা বেড়াও শ্মশানে। ৫
কোন্ গুণে পূজে তোমা লঙ্কার রাবণে॥
ধনে প্রাণে মজিল লঙ্কার অধিকারী।
কেমনে আছ হে স্থির বুঝিতে না পারি॥
আপনার মাথা কাট আপনার করে।
দুঃখ নাহি হয় কেন সেবকের তরে॥
— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) ইষ্টমিত্র যত দেখ সম্পদ সময়। ৫
পড়িলে আপদ কাল কেহ কারো নয়॥
— উদ্ধৃত অংশটির তাৎপর্য নির্ণয় করো।

DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY

(গ) "মৎস্য ধরি ডোমনীয়ে করে টানাটানি। ১+২+২
কড়ি না দিয়া মৈছ্য লইয়া যাও কেনি॥"
— কোন্ পালার অন্তর্ভুক্ত ? কথাটি কে, কাকে বলেছিল ? কোন্ প্রসঙ্গে বলেছিল ?

(ঘ) "পাটুনী বলিছে মাগো শুন নিবেদন। ১+১+৩
সেঁউতী উপরে রাখ ও রাঙ্গা চরণ॥"
— উদ্ধৃতাংশটির বক্তা কে ? সেঁউতী শব্দের অর্থ কী ? কোন্ প্রসঙ্গে বলেছে ব্যাখ্যা করো।

——×——